



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-১ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি


তারিখ: ২৩-০২-২০২১

গত ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB) এর মধ্যে 'Bangladesh Rural Water, Sanitation and Hygiene for Human Capital Development Project' এর জন্য ২০০ (দুইশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে মির্জা ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB'র পক্ষে Mr. D.J. Pandian, Vice President, Investment Operations, Region-1, AIIB ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

প্রকল্পটি গত ২২ ডিসেম্বর ২০২০ তারিখে একনেকে অনুমোদিত হয়। বর্ণিত ঋণ ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৫ বছরে পরিশোধযোগ্য। এ ঋণের সুদের হার ১.৪০% এবং ফ্রন্ট এন্ড ফি হিসাবে ০.২৫% এবং কমিটমেন্ট ফি হিসাবে অব্যয়িত অর্থের ০.২৫% পরিশোধ করতে হবে। প্রকল্পটি ০৫ বছর মেয়াদে জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৫ সময়ে ৩০টি জেলার ৯৮টি উপজেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পের উদ্দেশ্য হলো:

- আর্সেনিক ও আয়রনের সমস্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলের নির্বাচিত গ্রামগুলিতে পাইপলাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের স্কিম বাস্তবায়ন;
- প্রকল্প এলাকায় হতদরিদ্র জনগণের মাঝে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করা;
- স্কুল এবং কমিউনিটি ক্লিনিকসমূহে ওয়াশ পরিষেবার ব্যবস্থা করা ও ব্যবহার বৃদ্ধি করা;
- নির্বাচিত জনগোষ্ঠীর হাইজিন বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম ও হাইজিন কর্মীদের প্রশিক্ষণপ্রদান;
- কোভিড-১৯ এর মত সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় স্কুল ও গণজমায়েত হওয়া স্থানে হাত ধোয়ার স্টেশন নির্মাণ;
- টেকসই বিকেন্দ্রীকরণকৃত ওয়াশ পরিষেবাদি পরিচালনা ও পরিবীক্ষণের জন্য এর সাথে সম্পর্কিত সরকারি সংস্থাসমূহ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলির সক্ষমতা বৃদ্ধিকরণ।


২৩.০২.২০২১

কাওসার জাহান

উপসচিব

ফোন: ৯১৮০৮৭৬